



বাংলাদেশ হাইকমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পোর্ট লুই, মরিশাস

HIGH COMMISSION FOR
THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
Port Louis, Mauritius



সংবাদ বিজ্ঞপ্তি

পোর্ট লুইসে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত:

১৭ এপ্রিল ২০২১ পোর্ট লুইস

মুজিবনগর সরকারের ৫০ বৎসর উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সবার সামনে তুলে ধরতে বাংলাদেশ হাইকমিশন, পোর্ট লুইস যথাযথ মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন করে। এ উপলক্ষ্যে হাইকমিশন প্রাঙ্গণে সংক্ষিপ্ত আকারে একটি ইন-হাউজ অনুষ্ঠানের আয়োজন করা হয়। মরিশাসে স্থানীয়ভাবে কোভিড-১৯ পুনরায় ছড়িয়ে পড়ায় গত ১০ মার্চ, ২০২১ হতে আগামী ৩০ এপ্রিল, ২০২১ পর্যন্ত লকডাউন চলমান থাকায় ভারুয়াল আয়োজনের মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়। দিবসটি উপলক্ষ্যে হাইকমিশনের সকল কর্মকর্তা ও মরিশাস, সিশেলস এবং মাদাগাস্কারের প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণে একটি জুম মিটিংয়ের আয়োজন করা হয়। এ সময় দিবসটি উপলক্ষ্যে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয়।

জুম মিটিংয়ে মান্যবর হাইকমিশনার রেজিনা আহমেদ ঐতিহাসিক এ দিবসের প্রেক্ষাপট ও ইতিহাস তুলে ধরে বক্তব্য রাখেন। তিনি তাঁর বক্তব্যের শুরুতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদ এবং নির্যাতিত ২লক্ষ মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। মান্যবর হাইকমিশনার তার বক্তব্যে বলেন, আমাদের স্বাধীনতার পেছনে রয়েছে এক গৌরবোজ্জ্বল ইতিহাস। তিনি বলেন ১৯৭১ সালের ১০ এপ্রিল স্বাধীনতার ঘোষণা পত্র জারির মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠন করা হয় এবং ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায় আত্মকাননে এ সরকারের শপথ নেওয়ার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে সেদিন থেকে ঐ স্থানটি মুজিবনগর নামে পরিচিতি লাভ করে। তিনি আরো বলেন যে, মুজিবনগর সরকার গঠনের মাধ্যমে আন্তর্জাতিক পরিমন্ডলে আমাদের স্বাধীনতা সংগ্রাম বিশ্ব জনমতের অনুকূলে চলে আসে, যা চূড়ান্ত বিজয়কে ত্বরান্বিত করে।

অনুষ্ঠানে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত “মুজিবনগর: বাংলাদেশের প্রথম রাজধানী” শীর্ষক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

কোভিড-১৯ মহামারীর এ সময়ে ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে হাইকমিশন কর্তৃক আয়োজিত এ কর্মসূচীতে মরিশাস, সিশেলস ও মাদাগাস্কার হতে যুক্ত হতে পেরে প্রবাসী বাংলাদেশীগণ অত্যন্ত গর্ববোধ করেন। আজকের অনুষ্ঠানে ভারুয়ালী অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে মান্যবর হাইকমিশনার অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

